



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/১০৩৪

তারিখঃ ৪ আশ্বিন, ১৪২৮
১৯ সেপ্টেম্বর, ২০২১

বিজ্ঞপ্তি


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ এর একাডেমিক কার্যক্রম সশরীরে চালুকরণের লক্ষ্যে যারা অদ্যাবধি কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের জন্য নিবন্ধন করেননি এমন সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীদের জরুরীভাবে নিম্নোক্ত নির্দেশনাবলী প্রদান করা হলো।

১। জাতীয় পরিচয়পত্র রয়েছে কিন্তু সুরক্ষা অ্যাপ-এ কোভিড-১৯ টিকা গ্রহণের জন্য নিবন্ধন করেননি এমন সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীদের টিকা গ্রহণের জন্য অতিশীঘ্র নিবন্ধন করতে হবে।

২। যে সকল শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নেই তাদেরকে অতিশীঘ্র বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত ওয়েবসাইটে (<https://univac.ugc.gov.bd>) জন্মনিবন্ধন সনদ দিয়ে টিকার রেজিস্ট্রেশন/নিবন্ধন সম্পন্ন করতে হবে।

৩। সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীদের মধ্যে যাঁদের জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন নেই তাঁদেরকে অতিশীঘ্র জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।



(মো. মোরাদ হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/১০৩৪(৫০)

তারিখঃ ৪ আশ্বিন, ১৪২৮
১৯ সেপ্টেম্বর, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১. সকল অনুযদ/বিভাগ/দপ্তর/হল প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
০২. উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
০৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
০৪. পিএস টু ভাইস চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলরের মহোদয়ের জ্ঞাতার্থে)।
০৫. অফিস নথি।


(সানোয়ার হুদা)
প্রশাসনিক কর্মকর্তা